ভার্চুয়া হেলথ

<table>
<tr><td colspan="3"><u>ম্যানুয়াল টাইটেল</u><br>PBS - প্যাসেন্ট অ্যাকাউন্টিং</td><td colspan="3"><u>পলিসির নাম</u><br>আর্থিক সহায়তা পলিসি</td></tr>
<tr><td><u>ম্যানুয়াল অওনার</u><br><br><br>প্যাসেন্ট অ্যাকাউন্টিং</td><td colspan="2"><u>ইস্যুর তারিখ</u></td><td><u>সর্বশেষ পর্যালোচনার তারিখ</u><br>12/2016,03/20/2018, 12/02/2019, 08/2024</td><td><u>পুনর্বিবেচনার তারিখ</u><br>12/2015, 11/2019 12/02/2019, 01/2021,08/2024</td><td><u>কার্যকর হওয়ার তারিখ</u><br>12/1/2015</td></tr>
<tr><td colspan="2"><u>পর্যালোচনার মধ্যকার ব্যবধান</u><br>12 মাস<br><u>এই পলিসিটি যাদের জন্য প্রযোজ্য:</u></td><td colspan="4"><u>পর্যালোচনায় / অনুমোদনে:</u><br><br>ভার্চুয়া হেলথ বোর্ড অফ ট্রাস্টির অফিসার<br>ভার্চুয়া - মেমোরিয়াল হাসপাতাল বার্লিংটন কাউন্টি, ইনক.<br>ভার্চুয়া - ওয়েস্ট জার্সি স্বাস্থ্য ব্যবস্থা, ইনক.<br>ভার্চুয়া মেমোরিয়াল বার্লিংটন - সাইক<br>ভার্চুয়া আওয়ার লেডি অফ লর্ডস হসপিটাল, ইনক.<br>ভার্চুয়া উইলিংবোরো হসপিটাল, ইনক.</td></tr>
</table>

## 1 পলিসি

ভার্চুয়ার আর্থিক সহায়তা পলিসি ("FAP") এর লক্ষ্য, যাদের নিজেদের বা তাদের দায়িত্বে থাকা কারোর নেয়া স্বাস্থ্যসেবার খরচ দেয়ার মতো পর্যাপ্ত আর্থিক সুবিধার ব্যবস্থা নেই (স্বাস্থ্য বীমা সহ), তাদেরকে সহায়তা প্রদান করা। যদি আপনার জরুরী বা অন্যান্য ডাক্তারী প্রয়োজনীয়তা দেখা দেয়, সেক্ষেত্রে ভার্চুয়ার FAP আপনাকে সেই খরচ পরিশোধ করে সহায়তা করতে পারে। তবে ডাক্তারি প্রয়োজনের বাইরে বা এলেক্টিভ কসমেটিক কাজে সহায়তা পাবেন না। ভার্চুয়ায় জরুরী বা অন্যান্য ডাক্তারি প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা গ্রহীতা রোগীরা সাধারণত ভার্চুয়ার সেবা নেওয়ার পাশপাশি বেসরকারী চিকিৎসক দল বা অন্যান্য তৃতীয় পক্ষের স্বাস্থ্যসেবা সরবরাহকারীদেরকেও দেখাতে পারবেন। আমাদের চিকিৎসাসেবার আওতাধীন জরুরী বা অন্যান্য ডাক্তারি প্রয়োজনে স্বাস্থ্যসেবা সরবরাহকারী প্রাইভেট চিকিৎসকদের তালিকা পেতে পরিশিষ্ট-A দেখুন। পরিশিষ্টতে নির্দিষ্ট করে বলা আছে কারা এই FAP এর আওতাধীন সরবরাহকারী আর কারা নয়। সেবাদাতাদের তালিকা তিনমাস অন্তর অন্তর পর্যালোচনা করা হবে এবং প্রয়োজন হলে আপডেট করা হবে।

## 2 আর্থিক সহায়তা প্রোগ্রাম, যোগ্যতা এবং আবেদনের মেথড/পদ্ধতি

যোগ্যতা সাপেক্ষে, নিম্নলিখিত প্রোগ্রামের মাধ্যমে আর্থিক সহায়তা পাওয়া যেতে পারে:

a) <u>মেডিকএইড এবং সামাজিক সুরক্ষা (সোশ্যাল সিকিউরিটি) এর মতো সরকারী প্রোগ্রাম</u>

b) <u>নিউ জার্সি রাজ্যের হসপিটাল কেয়াল পেমেন্ট অ্যাসিস্টেন্ট প্রোগ্রাম ("HCPAP")</u>

হসপিটাল কেয়ার পেমেন্ট অ্যাসিস্টেন্ট এর তহবিলের উৎস হল নিউ জার্সি পাবলিক আইন 1997, অধ্যায় 263 এর অধীনে পরিচালিত স্বাস্থ্যসেবা ভর্তুকি তহবিল। HCPAP অনুমোদনের ফলে গোটা নিউ জার্সি রাজ্যে সংকটজনক স্বাস্থ্যসেবাদানকারী হাসপাতালসমূহে সেবা নেয়া অভ্যন্তরীন এবং বহিরাগত রোগীদের সেবা ফ্রিতে বা ছাড়সহ করা হয়। হাসপাতালের সহায়তা এবং হ্রাসকৃত খরচে স্বাস্থ্যসেবা কেবল আবশ্যক জরুরি অবস্থা বা অন্যান্য ডাক্তারি প্রয়োজনের ক্ষেত্রেই উপলব্ধ।

রোগী যদি নিউ জার্সির বাসিন্দা হন, তবে তারা HCPAP পাওয়ার যোগ্য হতে পারেন:

i. যাদের কোনও হেলথ কভারেজ নেই বা কভারেজ আছে তবে হাসপাতালের বিলের কেবলমাত্র কিছু অংশ পরিশোধ করে (বীমাবিহীন বা সীমিত বীমাধীন);

ii. যারা যে কোনও বেসরকারী বা সরকারী স্পনসরকৃত কভারেজ (যেমন মেডিকএইড) এর অযোগ্য; এবং

iii. যারা নিম্নোক্ত আয় এবং সম্পদের যোগ্যতার মানদণ্ড পূরণ করে:

*আয়ের মানদণ্ড:* ফেডারেল পোভার্টি গাইডলাইনস ("FPG") এর 200% এর কম বা সমপরিমাণ পারিবারিক আয়ের রোগীরা 100% দাতব্য সেবার কভারেজ পাওয়ার যোগ্য। যাদের পারিবারিক মোট আয় 200% এরও বেশি তবে FPG এর 300% এর চেয়ে কম বা সমান তারা ছাড়সহ সেবা পাওয়ার যোগ্য। ফ্রি সেবা বা আংশিক কভারেজসহ খরচ নিউ জার্সি হেলথ ফি শিডিয়ুলের ব্যবহার থেকে নির্ধারিত হবে।
*সম্পদের মানদণ্ড:* HCPAP -তে সম্পদের যোগ্যতার সীমারেখা নির্ধারন করা আছে তাতে বলা হয়েছে, ব্যক্তিগত সম্পদ $7,500 এর বেশি হতে পারে না এবং পারিবারিক সম্পদ $15,000 অতিক্রম করতে পারবে না।

যারা নিউ জার্সির বাসিন্দা নয় এবং জরুরি ডাক্তারি পরিস্থিতিতে জরুরি ডাক্তারি সহায়তাপ্রার্থী, তাদের জন্যও HCPAP উপলব্ধ।

HCPAP পাওয়ার জন্য আবেদন করতে ইচ্ছুক রোগীদের অবশ্যই পারিবারিক/পরিবারের তথ্য, নিউ জার্সি রেসিডেন্সির প্রমাণপত্র (যেমন, ড্রাইভিং লাইসেন্স, কাউন্টি আইডেন্টিফিকেশন কার্ড) এবং আয়ের প্রমাণপত্র (যেমন, পে স্টাব(সমূহ), ফর্ম W-2, সামাজিক সুরক্ষা বিবৃতি (সোশ্যাল সিকিউরিটি স্টেটমেন্ট)) এবং সম্পদের প্রমাণ (যেমন, ব্যাংক স্টেটমেন্ট)। যদি কোনও রোগীর আয় বা সম্পদ না থাকে, তবে রোগীর সরবরাহকৃত সত্যায়নের কাগজপত্র প্রমাণপত্রের প্রয়োজনীয়তা পূরণ করবে।

c) <u>নিউ জার্সি বীমাবিহীন ছাড় (পাবলিক আইন 2008, অধ্যায় 60)</u>

FPG 500% এর কম পারিবারিক আয়ের সকল বীমাবিহীন রোগীরা এই প্রোগ্রামের অধীনে ছাড়ে স্বাস্থ্যসেবা পাওয়ার যোগ্য হবেন। এই প্রোগ্রামের অধীনে একজন যোগ্য রোগীর স্বাস্থ্যসেবা দেয়ার জন্য ফেডারেল মেডিকেয়ার প্রোগ্রামের অধীনে প্রযোজ্য পেমেন্ট হারের 115% এর বেশি পরিমাণে চার্জ করা যাবে না।

d) <u>NJ ফ্যামিলিকেয়ার</u>

NJ ফ্যামিলিকেয়ার হল নিউ জার্সির সরকারী অর্থায়নে প্রদত্ত স্বাস্থ্য বীমা প্রোগ্রাম যার মধ্যে রয়েছে CHIP, মেডিকেড এবং মেডিকএইড এক্সপেনশন পপুলেশন। NJ ফ্যামিলিকেয়ার হল সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য বীমার যে কোনও বয়সের যোগ্য নিউ জার্সি বাসিন্দাদের সহায়তা করার লক্ষ্যে তৈরিকৃত একটি ফেডারেল এবং রাজ্য অর্থায়িত স্বাস্থ্য বীমা প্রোগ্রাম। NJ ফ্যামিলিকেয়ার এমন মানুষের জন্য যাদের নিয়োগকর্তার বীমা নেই।

NJ ফ্যামিলিকেয়ার পাওয়ার যোগ্য ব্যক্তিদের আর্থিক যোগ্যতা তাদের সংশোধিত সমন্বিত মোট আয় বা MAGI এর উপর ভিত্তি করে বিবেচনা করা হয়। অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে: www.njfamilycare.org/default.aspx.

e) <u>নিউ জার্সি ক্যান্সার শিক্ষা এবং আগাম সনাক্তকরণ ("NJCEED")</u>

NJCEED প্রোগ্রামটি স্তন, জরায়ুর, কলোরেক্টাল এবং প্রোস্টেট ক্যান্সারের জন্য বিস্তৃত প্রচারপ্রচারণা, শিক্ষা এবং স্ক্রিনিং সেবা সরবরাহ করে।

একজন রোগীকে যোগ্য হওয়ার জন্য অবশ্যই বীমাবিহীন বা সীমিত বীমাধীন হতে হবে এবং FPG 250% বা এর কম পারিবারিক মোট আয় হতে হবে। অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে: www.nj.gov/health/cancer/njceed.

f) <u>শিশুদের ত্রাণ তহবিলের বিপর্যয়জনিত অসুস্থতা</u>

শিশুদের ত্রাণ তহবিলের বিপর্যয়জনিত অসুস্থতা, বিপর্যয়জনিত রোগে আক্রান্ত শিশুদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করে।

এই প্রোগামের জন্য যোগ্য হতে হলে হাসপাতালের ব্যয় অবশ্যই পরিবারের মোট আয়ের 10% এর বেশি হতে হবে, এবং $100,000 এর বেশি যে কোনও অতিরিক্ত আয়ের 15%, ডাক্তারি চিকিৎসার জন্য ব্যয় করার সময় শিশু অবশ্যই 21 বছর বা এর কম বয়সী হতে হবে এবং পরিবারকে অবশ্যই আবেদনের তারিখের পূর্বে নিউ জার্সিতে 3 মাস ধরে বসবাস করে আসতে হবে। অভিবাসী শ্রমিকরা এর যোগ্য হতে পারে, অস্থায়ী বাসিন্দারা নয়। অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে www.state.nj.us/humanservices/cicrf/home.

g) <u>নিউ জার্সি অপরাধে ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরণ অফিস</u>

নির্দিষ্ট কিছু অপরাধমূলক কাজের ফলে সৃষ্ট ক্ষতিগ্রস্থের বেশ কিছু ডাক্তারি খরচসহ অন্যান্য ক্ষয়-ক্ষতির ক্ষতিপূরণ দিয়ে সহায়তা করার লক্ষ্যে নিউ জার্সি রাজ্য নিউ জার্সি অপরাধে ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরণ নামক অফিস প্রতিষ্ঠা করেছে।

নিউ জার্সি অপরাধে ক্ষতিগ্রস্থদের ক্ষতিপূরণ অফিসের সহায়তা পাওয়ার যোগ্য বিবেচিত হওয়ার জন্য অপরাধটি অবশ্যই নিউ জার্সিতে ঘটতে হবে বা অবশ্যই নিউ জার্সির কোনও বাসিন্দার সাথে রাজ্যের বাইরে ঘটতে হবে, ভুক্তভোগী অবশ্যই 9 মাসের মধ্যে পুলিশকে এই

অপরাধ সম্পর্কে রিপোর্ট করতে হবে এবং ভুক্তভোগীকে অবশ্যই অপরাধের তদন্ত ও বিচারকার্যে সহযোগিতা করতে হবে। উক্ত দাবিটি অবশ্যই অপরাধ সংঘটিত হওয়ার তারিখ থেকে নিয়ে 3 বছরের মধ্যে দায়ের করতে হবে এবং রোগীকে অবশ্যই অপরাধের একজন নিরপরাধ ভুক্তভোগী হতে হবে। অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে www.nj.gov/oag/njvictims/index.html.

h) ABG

IRC এর ধারা 501(r)(5) অনুসারে, জরুরী বা অন্যান্য প্রয়োজনীয় ডাক্তারি সেবাযত্নের ক্ষেত্রে, সাধারণত এজাতীয় স্বাস্থ্যসেবার জন্য বীমার আওতাধীন ব্যক্তিদের যে পরিমাণ বিল করা হয় যোগ্য রোগীদের জন্য তার চেয়ে বেশি পরিমাণ চার্জ করা হবে না।

রোগীর যদি বীমা করানো না থাকে এবং পারিবারিক আয় FPG 500% এরও কম হয় তবে তারাও এই ছাড়ের জন্য যোগ্য হবে। তাছাড়া, সীমিত বীমার আওতাধীন রোগীরাও যোগ্য হতে পারবে যদি তাদের পরিবারের আয় মোট 200% এর চেয়ে বেশি তবে FPG 300% এর চেয়ে কম বা সমান হয়।

i) ভার্চুয়া এর দাতব্য সহায়তা প্রোগ্রাম ("CAP")

ীমার আওতাধীন নয় এমন রোগীদের যারা মেডিকএইডের জন্য যোগ্য নন এবং HCPAP এর অধীনে 100% ছাড়ের জন্যও যোগ্যতা অর্জন করতে পারবেন না তারা যদি যুক্তরাষ্ট্রের নাগরিক হয়ে থাকেন এবং তাদের পারিবারিক মোট আয় FPG 500% এর বেশি না হয়, তবে তারা CAP এর জন্য যোগ্য হতে পারবে। যারা CAP এর অধীনে সহায়তার জন্য যোগ্যতা অর্জন করবেন, তারা জর্ররর বা পরয়োজনীয় র াক রপদ্ধতরর খররের মোট পররমাণের উপর 90% ছাড় পাবেন।

CAP এর অধীনে আর্থিক সহায়তা পাওয়ার জন্য ভার্চুয়া চ্যারিটি সহায়তা প্রোগ্রামে একটি দরখাস্ত জমা দিতে হবে। CAP এর জন্য দরখাস্তদাতাগণকে অবব্যই তাদের পারিবারিক/পরিবারের তথ্য সরবরাহ করতে হবে পাবাপাশি আয়ের নথিভুক্ত প্রমাণপত্রও প্রদান করতে হবে (ধারা 2 (b), HCPAP এ প্রদত্ত আয়ের প্রমাণপত্রের উদাহরণসমূহ দেখুন)।

নিউ জার্সি হসপিটাল কেয়ার সহায়তা প্রোগ্রাম এ অংশগ্রহণের আবেদনপত্র এবং ভার্চুয়া চ্যারিটি সহায়তা প্রোগ্রাম এর আবেদনপত্র ("আবেদন") ভার্চুয়া এর ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে, www.virtua.org, ভার্চুয়া চ্যারিটি সহায়তা প্রোগ্রামের অধীনে

আমাদের গ্রাহকসেবা ব্যুরোয় (833) 335-4010 নম্বরে কল করে আবেদনপত্রের অনুলিপি পাওয়া যাবে।

আবশ্যিক অন্যান্য কাগজপত্রসহ পূরণ করা আবেদনপত্রগুলি জমা দেয়ার জন্য রোগীর হাতে প্রথম পোস্ট-ডিসচার্জ বিল এর তারিখ থেকে নিয়ে পরবর্তী 365 দিন পর্যন্ত সময় থাকবে।

পূরণ করা আবেদনপত্রগুলি (যাবতীয় প্রয়োজনীয় কাগজপত্রসহ) মেইল করুন:

ভার্চুয়া প্যাসেন্ট অ্যাকাউন্টিং
2000 ক্র্যাফোর্ড প্লেস, স্যুট 100
মাউন্ট লরেল, NJ 08054

যদি কোনও অসম্পূর্ণ আবেদন পাওয়া যায় তবে ভার্চুয়া রোগীকে লিখিত নোটিশ সরবরাহ করবে যাতে বলা থাকবে FAP-যোগ্যতা নির্ধারণের জন্য অতিরিক্ত তথ্য/ডকুমেন্টেশন আবশ্যক এবং উক্ত ডকুমেন্টেশন প্রদান করার জন্য একটি যুক্তিসঙ্গত সময় (30 দিন) বেঁধে দেয়া হবে। ভার্চুয়া রোগীকে এই FAP এর একটি সরল ভাষার সংক্ষিপ্তসার ("PLS") এর কপিও সরবরাহ করবে। PLS একটি লিখিত বিবৃতি যাতে বলা থাকে যে, ভার্চুয়া FAP-র অধীনে আর্থিক সহায়তা দেয় এবং এমন ভাষায় অতিরিক্ত তথ্য সরবরাহ করে যা পরিষ্কার, সংক্ষিপ্ত এবং সহজবোধ্য।

## 3 চার্জকৃত পরিমাণ গণনার ভিত্তি

বার্ষিক, ভার্চুয়া লুক-ব্যাক পদ্ধতি ব্যবহার করে এর হাসপাতালগুলির জন্য AGB শতাংশ নির্ধারণ করবে। AGB শতাংশ উক্ত দাবির সাথে সম্পর্কিত স্থূল চার্জ দ্বারা মেডিকেয়ার ফি-ফর-সার্ভিস প্রোগ্রাম + বেসরকারী স্বাস্থ্য বীমাকারীদের দাবীকে ভাগ করে গণনা করা হয়। AGB পরিমাণ নির্ধারণের জন্য প্রাপ্ত AGB শতাংশগুলিকে নির্দিষ্ট পদ্ধতিতে স্থূল চার্জ দ্বারা গুণ করা হয়।

গণনা করা AGB শতাংশের পাশাপাশি গণনার সাথে সংযুক্ত বিবরণ অনুরোধের ভিত্তিতে এবং ফ্রিতে আমাদের গ্রাহক পরিষেবা ব্যুরোয় (833) 335-4010 নম্বরে কল করে সংগ্রহ করা যাবে।

FAP-যোগ্য হওয়ার জন্য নির্ধারিত সংকল্পিত যেকোনও ব্যক্তিকে IRC ধারা 501(r)(5) অনুসারে জরুরী এবং অন্যান্য ডাক্তারি প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা দেয়ার জন্য AGB এর বেশি চার্জ করা হবে না। AGB হল যে কোনও FAP-যোগ্য ব্যক্তিকে চার্জ করা সর্বাধিক পরিমাণ। এই FAP অনুসারে, একজন FAP-যোগ্য ব্যক্তিকে এই FAP এর অধীনে পাওয়া AGB বা অন্য কোনও ডিসকাউন্ট রেট এ কম চার্জ করা হবে।

## 4 ব্যাপকভাবে প্রচারকৃত FAP

ভার্চুয়ার প্যাসেন্ট অ্যাকাউন্টিং বিভাগ যেকোনও ব্যক্তি আর্থিক সহায়তার জন্য যোগ্য কিনা তা নির্ধারণের জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টার মাধ্যমে সুষ্ঠু এবং ধারাবাহিকভাবে আর্থিক সহায়তা সরবরাহ করার লক্ষ্যে এর সর্বোত্তম প্রচেষ্টা ব্যবহার করবে। যেহেতু ভার্চুয়াকে অবশ্যই আমাদের নিজস্ব বিস্তৃত আর্থিক দায়বদ্ধতার সাথে আর্থিক সহায়তার জন্য আমাদের রোগীদের প্রয়োজনীয়তার ভারসাম্য বজায় রাখতে হবে, তাই সহায়তা ব্যক্তিগত দায়বদ্ধতার বিকল্প হিসাবে বিবেচিত হবে না। যাদের স্বাস্থ্যসেবা নেয়ার মতো আর্থিক উপায় আছে বলে মনে হয় তাদের কাছে প্রত্যাশা, তারা যেন সেটি ব্যবহা করে এবং ভার্চুয়া প্রয়োজন হলে তার সম্পদ রক্ষা করার জন্য আইনানুনগ অনুমতিযোগ্য পদক্ষেপ নেওয়ার অধিকার সংরক্ষণ করে।

রোগীদের সুবিধার জন্য, আমাদের FAP, আবেদনপত্র এবং PLS ভার্চুয়ার ওয়েবসাইটে পাওয়া যাবে: www.virtua.org

FAP, আবেদনপত্র এবং PLS কাগজের কপি আমাদের হাসপাতালের অঙ্গনের নিম্নলিখিত পাবলিক লোকেশনে অনুরোধের ভিত্তিতে ফ্রিতে পাওয়া যাবে:

- এমার্জেন্সি রুম;
- বহিরাগত রোগীর নিবন্ধকরণ; এবং
- ভর্তি নিবন্ধকরণ।

তাছাড়া, FAP, আবেদনপত্র এবং PLS কাগজের কপি 888 625-2890 নম্বরে ভার্চুয়ার গ্রাহকসেবা ব্যুরোকে কল করে অনুরোধ করা যাবে
।

ভার্চুয়া আমাদের রোগীদের এবং সম্প্রদায়ের সদস্যদের উপলব্ধ আর্থিক সহায়তার বিষয়ে অবহিত করার জন্য এবং অবহিত করার লক্ষ্যে সরকারী হাসপাতাল লোকেশনগুলিতে সুস্পষ্ট ডিস্প্লে বসিয়ে দিয়েছে।

ভার্চুয়া আর্থিক সহায়তার প্রাপ্যতা সম্পর্কে সম্প্রদায়ের সদস্যদের অবহিত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টাও করবে।

ভার্চুয়া ইনটেক বা ডিসচার্জ প্রক্রিয়ার অংশ হিসাবে সমস্ত রোগীদেরকে PLS এর একটি অনুলিপি সরবরাহ করবে।

ভার্চুয়ার প্রাথমিক সেবা অঞ্চলের মধ্যে থাকা সমস্ত উল্লেখযোগ্য জনগোষ্ঠীর সমন্বয় করার লক্ষ্যে, FAP, আবেদনপত্র এবং PLS এর সবকিছু ইংরেজিতে এবং ইংরেজিতে সীমাবদ্ধ দক্ষতার জনসংখ্যার প্রাথমিক ভাষায় ("LEP") পাওয়া যায় যা এক হাজার বা কম ব্যক্তির সমন্বয়ে ভার্চুয়া কর্তৃক সেবা প্রাপ্ত সম্প্রদায়ের 5%

## 5 বিলিং এবং আদায় (কালেকশন) নীতিমালা

ভার্চুয়া সমস্ত বিধিবিধান মেনে চলবে এবং এর বিলিং এবং আদায় অনুশীলনের ক্ষেত্রে চুক্তির বিধান পালন করবে। প্যাসেন্ট অ্যাকাউন্টিং বিভাগ, বিলিং এবং যাবতীয় অ্যাকাউন্টের পেমেন্ট আদায় নিশ্চিত করার জন্য দায়বদ্ধ থাকবে। যদি, প্রাথমিক দায়বদ্ধ ব্যক্তির পেমেন্টের পরে বকেয়া পরিমান ও সাথে অবশিষ্টাংশ (রিসিজুয়াল) ব্যালেন্স থাকে (যেমন, ছাড়যোগ্য বা কো-ইন্সিওরেন্স পরিমাণ), সেক্ষেত্রে রিসিজুয়াল অ্যাকাউন্ট ব্যালেন্সের অবশিষ্ট ব্যালেন্স দ্বিতীয় দায়বদ্ধ (ইন্সিওরেন্স) পার্টিকে পরিশোধ করতে বলা হবে। যেসকল রোগীর অবশিষ্টাংশ (রিসিজুয়াল) ব্যালেন্স পরিশোধ করার মতো বীমা নেই বা দ্বিতীয় বীমা করানো নেই তাদের ক্ষেত্রে, ভার্চুয়া উক্ত ব্যক্তির বিরুদ্ধে এক্সট্রাঅর্ডিনারি কালেকশন অ্যাকশন ("ECA") ব্যবস্থা নেবে না, যতক্ষণ না উক্ত ব্যক্তি ভার্চুয়ার FAP এর অধীনে সহায়তা পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণের জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা না করা হবে।

তৃতীয় পক্ষের স্বাস্থ্য বীমা কভারেজ সনাক্ত না হওয়া রোগীদের অ্যাকাউন্ট নির্ধারিত সেল্ফ-পে কালেকশন সাইকেল অনুসরণ করবে, দায়িত্বশীল পক্ষকে FAP এর অধীনে দেয়া ছাড়ের প্রাপ্যতা সম্পর্কে অবহিত করা হবে।

পূরণ করা FAP আবেদন পাওয়ার পর, ভার্চুয়া:

a) ব্যক্তির বিরুদ্ধে নেয়া যে কোনও ECA স্থগিত করবে (ভার্চুয়ার পক্ষে কাজ করা কোনও তৃতীয় পক্ষের গৃহীত ECA স্থগিত করা হবে);

b) সময় মতো একটি FAP-যোগ্যতা নির্ধারণ করে নথিভুক্ত করবে; এবং

c) নির্ধারণের ভিত্তি ও নির্ধরণ সম্পর্কে লিখিতভাবে দায়িত্বশীল পক্ষকে বা স্বয়ং ব্যক্তিকে অবহিত করবে।

যদি কোনও রোগী FAP-যোগ্য মনে করা হয়, তবে ভার্চুয়া:

i. FAP-যোগ্য ব্যক্তির ঋণের পরিমাণ, কীভাবে উক্ত পরিমাণ নির্ধারণ করা হয়েছে এবং কীভাবে AGB এর তথ্য পাওয়া যাবে সবিষয়ে নির্দেশ করে একটি বিলিং স্টেটমেন্ট প্রদান করবে;

ii. ব্যক্তির দেয়া যেকোনও অতিরিক্ত পেমন্ট ফেরত দেবে; এবং

iii. ঋণ আদায়ের জন্য তৃতীয় পক্ষ রোগীদের বিরুদ্ধে নেয়া যে কোনও ECA ফিরিয়ে নেয়ার যাবতীয় যুক্তিসঙ্গত উপলব্ধ ব্যবস্থা গ্রহণ করবে।

নির্ধারিত সেলফ-পে কালেকশন সার্কেল শেষে (প্রথম পোস্টডিসচার্জ বিলের তারিখের 120 দিন পরে) আর্থিক সহায়তার ব্যবস্থার মধ্যে নেই বা অনুমোদিত হওয়ার প্রক্রিয়া নেই এমন যে কোনও অপরিশোধিত অ্যাকাউন্ট উক্ত অর্থ আদায়ের লক্ষ্যে তৃতীয় পক্ষ এজেন্সি ("এজেন্সি") এর কাছে স্থানান্তর করা হবে। হস্তান্তরের আগে, যদিও, দায়ী পক্ষ্যের বার্ষিক আয়ের একটি ধারণা, বহিঃস্থ ক্রেডিট এজেন্সি এর কাছ্ থেকে পাওয়া যাবে। আর যদি উক্ত আয়ের অনুমানের ভিত্তিতে ব্যক্তিটি FAP পাওয়ার যোগ্য বিবেচিত হয়, তাহলে পূর্বোক্ত কর্তিত খরচ মোট বাকি ব্যালেন্সসহ কালেকশন এজেন্টের কাছে হস্তান্তর করা হবে। তাছাড়া, ভার্চুয়াঅনুমানমূলক FAP পাওয়ার যোগ্যতা নির্ধারণের বিষয়ে উক্ত ব্যক্তিকে অবহিত করবে।

অ্যাকাউন্টটি 180 দিনের জন্য এজেন্সির কাছে থাকবে। এই সময় পার হওয়ার পরে, বকেয়া ব্যালেন্স নিষ্পত্তির ব্যবস্থা না দেখা গেলে, ভার্চুয়া বা তার পক্ষে কাজ করা যেকোনও তৃতীয় পক্ষ নিম্নলিখিত ECA জারি করতে পারে:

a) কনজুমার রিপোর্টিং এজেন্সি বা ক্রেডিট ব্যুরো বরাবর উক্ত ব্যক্তি সম্পর্কে বিরূপ তথ্য রিপোর্ট করা;
b) উক্ত ব্যক্তির সম্পত্তি কব্জা করা;
c) উক্ত ব্যক্তির ব্যাংক অ্যাকাউন্ট বা অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি যোগ করা বা জব্দ করা;
d) উক্ত ব্যক্তির বিরুদ্ধে নাগরিক মামলা শুরু করা; এবং
e) উক্ত ব্যক্তির মজুরি বাজেয়াপ্ত করা।

120 দিনের নোটিফিকেশন সময়কাল অতিবাহিত হওয়ার পরে, ভার্চুয়া চাইলে অপরাধমূলক রোগী অ্যাকাউন্টে ECA শুরু করার জন্য ভার্চুয়ার পক্ষে কাজ করা কালেকশন এজেন্ট এবং অ্যাটর্নি অনুমোদন দিতে পারবে। ভার্চুয়া নিশ্চিত করবে যে, ব্যক্তিটি FAP-র অধীনে আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য কিনা এবং ECA শুরু করার আগে নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া হয়েছে কিনা তা নির্ধারণের জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করবে:

1 রোগীকে লিখিত নোটিশ দেয়া হয়েছে (সমস্ত বিলিং স্টেটমেন্টে অন্তর্ভুক্ত) যা:

- ইঙ্গিত দেয় যে যোগ্য রোগীদের জন্য আর্থিক সহায়তার ব্যবস্থা আছে;
- ECA সনাক্ত কর যে, ভার্চুয়া তাদের দেয়া কেয়ারের জন্য পেমেন্ট গ্রহণ শুরু করতে চায়; এবং
- একটি সময়সীমা বর্ণনা করে দিবে যা অতিবাহিত হওয়া পরে উক্ত ECA শুরু করা যেতে পারে।

2 FAP এবং কীভাবে ব্যক্তি আর্থিক সহায়তা আবেদন প্রক্রিয়ায় সহায়তা পাবে সে সম্পর্কে ব্যক্তিকে মৌখিকভাবে অবহিত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা করা হয়েছে।

<u>তৃতীয় পক্ষের বীমা</u>

1 ভার্চুয়া মেডিকেয়ার এবং মেডিকএইডকে বিল দেবে;

2 ভার্চুয়া রোগীর পক্ষ থেকে সমস্ত তৃতীয় পক্ষের বীমাকারীদেরকে বিল দেবে। ভার্চুয়ারা তাদের অপরিশোধিত বীমা ব্যালেন্স নিয়ে রোগীদের সাথে যোগাযোগ শুরু করার আগে বীমাকারীদেরকে পেমেন্ট জমা দেওয়ার জন্য 45 দিনের অনুমতি দেবে;

3 ভার্চুয়া মোটরযান এবং শ্রমিকদের ক্ষতিপূরণ দাবি (ক্লেইম) কভার করে তৃতীয় পক্ষকে বিল দেবে; এবং

4 চুক্তিপত্র বা বিধিবিধানে নিষিদ্ধ না হলে কোনও পেমেন্ট না করা হলে রোগী নিজেই চূড়ান্তভাবে তাদের বিল পরিশোধের জন্য দায়বদ্ধ থাকবে

<u>সীমিত পরিসরের বীমা, অমীমাংসিত এবং সেলফ-পে ব্যালেন্স</u>

1 EMTALA (জরুরী ডাক্তারি চিকিৎসা এবং সক্রিয় প্রসব আইন) এর আওতায় প্রদত্ত জরুরী, অতিজরুরি, এবং প্রসূতি স্বাস্থ্যসেবার জন্য আগাম পেমেন্ট শর্ত নয়। ভার্চুয়া এমন কোনও পদক্ষেপে নেয় না যা জরুরী বিভাগের রোগীদের জরুরি অবস্থার জন্য চিকিৎসা গ্রহণে

নিরুৎসাহিত করবে, যেমন, জরুরী বিভাগের রোগীদের জরুরী অবস্থার চিকিৎসার জন্য আগাম পেমেন্ট দাবি করে বা জরুরী বিভাগে ঋণ সংগ্রহ কার্যক্রমের অনুমতি প্রদান করে বা এই ধরনের কার্যকলাপের অন্যান্য কোনও ক্ষেত্রে বৈষম্যহীনভাবে জরুরি স্বাস্থ্যসেবা বিধানে হস্তক্ষেপ করতে পারে।

2 জ্ঞাত ছাড়যোগ্য, কোপে এবং কোইন্সিওরেন্স এর পরিমাণ অর্থ সেবার সময় পরিশোধ করতে হবে।

3 বীমার আওতাবিহীন, বীমাবিহীন এবং "জীবন-ধারা" সংক্রান্ত সেবার পেমেন্ট সেবা নেয়ার সময় পরিষোধ করতে হবে (জীবনধারার কার্যপ্রণালি যেমন, পুনরুদ্ধার-অযোগ্য কসমেটিক সার্জারি প্রয়োজনীয় ডাক্তারি কার্যপ্রঅনালির আওতায় পরে না)।

4 রোগীর যে ব্যালেন্সটি সেবা নেয়ার আগে পরিষোধ করা হয়নি এবং যে ব্যালেন্স বীমার পেমেন্টের পরে বা বীমা কর্তৃক অস্বীকার করার পর বাকি থাকবে তা নিম্নলিখিত মেথডের একটি ব্যবহার করে নিষ্পত্তি করতে হবে:

a. ব্যক্তিগত তহবিল, ক্রেডিট কার্ড থেকে সম্পূর্ণ পেমেন্ট;
b. সীমিত মেয়াদী সময়ে পেমেন্ট (পেমেন্ট ব্যবস্থা পলিসি দ্রষ্টব্য); বা
c. অনুমোদিত আর্থিক সহায়তা। (ভার্চুয়ার FAP দ্রষ্টব্য)

5 যখনই কোনও অ্যাকাউন্টের ব্যালেন্স রোগীর দায়িত্বে চলে যায়, 3-5 কর্মদিবসের মধ্যে একটি বিবৃতি মেইলার রোগীকে পাঠিয়ে দেয়া হয়। এই তারিখটি নোটিফিকেশন সময়াকলের শুরু বুঝায়। "নোটিফিকেশন সময়াকল" একটি 120 দিনের সময়কাল যেই সময়ের মধ্যে রোগীর বিরুদ্ধে কোনও ECA শুরু করা হয় না।

6 এই সময়কালে ভার্চুয়ার সেল্ফ-পে ভেন্ডর তাদের বিলিং সার্কেল শুরু করার জন্য অ্যাকাউন্টে একটি অ্যাক্টিভেশন তারিখ প্রদান করবে।

a. রোগী 3টি বিবৃতি পাবেন। এই চিঠিগুলিতে উপরের পেমেন্ট অপশনগুলির পাশাপাশি ভার্চুয়ার FAP সম্পর্কিত তথ্যও অন্তর্ভুক্ত থাকে। কোনও অ্যাকাউন্ট কালেকশনে পাঠানোর আগে রোগীর কাছে ফোন কল/প্রচেষ্টা করা হয়। এর ফলে সকল অ্যাকাউন্ট একই প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবে;

b প্রাথমিক পোস্ট-ডিসচার্জ বিলটি রোগীকে দেয়ার কমপক্ষে 120 দিনের মধ্যে কোনও কালেকশন এজেন্সির কাছে হস্তান্তর করা হবে না;

c. অ্যাকাউন্টে ভুল ঠিকানা থাকলে এবং মৃত রোগীদের সাথে সম্পর্কিত অ্যাকাউন্টকে কেবল তখনই কালেকশন এজেন্সির কাছে হস্তান্তর করা হবে যখন অ্যাকাউন্টে সহায়ক নথিভুক্ত কোনও গবেষণা থাকবে। কোনও পরিবার/এস্টেট বিহীন মৃত রোগী এবং অনুপযুক্ত ঠিকানার ক্ষেত্রে অবশ্যই যথাযথ পদ্ধতি অনুসরণ করা হবে এবং অ্যাকাউন্টে তা নথিভুক্ত করা হবে।

7 কালেকশন এজেন্সির কাছে হস্তান্তর করার আগে, সকল বীমাবিহীন ব্যক্তিদের অ্যাকাউন্ট ভার্চুয়ার CAP এর সাথে সামঞ্জস্য করা হবে।